

১৭৩



## চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং:-/চুয়েট/ভিসি অফিস/ কো-অর্ডিনেশন-১১/ ৩৭ ৬৫


২২ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ  
০৭ ডিসেম্বর, ২০২৩ খ্রি:।

:-বিজ্ঞপ্তি:-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল জাতীয় দিবস উদযাপনের লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয়ে গঠিত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৪/১২/২০২৩ খ্রি. বৃহস্পতিবার, এ বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন অনুষ্ঠানমালায় 'শহীদ বুদ্ধিজীবী দিবস-২০২৩' উদযাপন করা হবে। অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম উক্ত দিবসের অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন।

এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্রছাত্রীদেরকে নিম্নোক্ত কর্মসূচিগুলোতে অংশগ্রহণপূর্বক অনুষ্ঠানমালাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।


ক্রমিক	কর্মসূচী	স্থান	তারিখ ও সময়:
			১৪/১২/২০২৩ খ্রি.
১.	শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ	কেন্দ্রীয় শহীদ মিনার, চুয়েট।	সকাল ১০.৪০ ঘটিকা
২.	শহীদ বুদ্ধিজীবীদের উপর আলোচনা সভা	একাডেমিক কাউন্সিল কক্ষ, চুয়েট।	সকাল ১১.০০ ঘটিকা
৩.	শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রদীপ প্রজ্জ্বলন (ব্যবস্থাপনায়: ছাত্রকল্যাণ দপ্তর)	কেন্দ্রীয় শহীদ মিনার, চুয়েট।	সন্ধ্যা ৭.০০ ঘটিকা

  
০৭/১২/২৩  
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) এবং সদস্য সচিব, জাতীয় দিবস উদযাপন কমিটি  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সিনিয়রিটির ভিত্তিতে নহে):

- ১। সকল ডীন/ পরিচালক/বিভাগীয় প্রধান/সেন্টার চেয়ারম্যান/ প্রভোস্ট/ অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট। ইহা তাঁর বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে।
- ২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
- ৩। প্রধান প্রকৌশলী, চুয়েট (উল্লিখিত সময়সূচী অনুযায়ী একাডেমিক কাউন্সিল কক্ষে সাউন্ড সিস্টেম এবং বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৪। নিরাপত্তা উপদেষ্টা ও সহকারী পরিচালক (নিরাপত্তা), চুয়েট (প্রয়োজনীয় পুষ্পস্তবক তৈরির ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৫। সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি/ কর্মকর্তা সমিতি/স্টাফ এসোসিয়েশন/স্টাফ ওয়েলফেয়ার কমিটি/ চুয়েট ক্লাব/কর্মচারী ক্লাব/চুয়েট।
- ৬। সিনিয়র পেশ ইমাম, চুয়েট (আলোচনা অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত ও মোনাজাত পরিচালনার নিমিত্তে উপস্থিত থাকার অনুরোধ সহকারে)।
- ৭। সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৮। সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।

  
(মোহাম্মদ ফজলুর রহমান)

উপ-পরিচালক (জনসংযোগ)  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।